

3 (Sem-2) BEN MIL

2 0 1 7

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'স্মৃতি' গল্পে হাওড়া স্টেশনে গল্পের কথকের সঙ্গে কার দেখা হয়েছিল ?
- (খ) 'তাজমহল' গল্পে ফকিরের স্ত্রীর কি রোগ হয়েছিল ?
- (গ) "নৃশংস শিশু-হত্যাকারীর প্রতি কাহারও সহানুভূতি হইল না।" 'শিশু-হত্যাকারী'র নাম কী ?
- (ঘ) প্রফুল্লের স্বশুরের নাম লেখো।
- (ঙ) এক কড়া কাগা কড়ি দিয়ে কে ব্রজেশ্বরকে কিনে নিয়েছিল ?
- (চ) ব্রজেশ্বরকে বন্দি করে আনার পর দেবী চৌধুরাণী তাঁকে যে রূপার কলস দিয়েছিলেন তাতে কতটা মোহর ছিল ?
- (ছ) ফুলমাণির বোনের নাম লেখো।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৪=৮

- (ক) “তুমি তো সেদিনকার ছোঁড়া হে, তোমার কথার আবার মূল্য কি?” কে, কাকে একথা বলেছেন?
- (খ) “তুচ্ছ উচ্চ যাহাই হোক, মানব মাত্রেই তাঁহার প্রিয়।” বক্তা কে? তিনি কার সম্বন্ধে একথা বলেছেন?
- (গ) “তোমার সঙ্গে আমি প্রতারণা করিব না। — আমাকে ব্রাহ্মণ পণ্ডিত মনে কর, আর যাই মনে কর, আমি ডকাইতের সর্দার।” ডাকাত সর্দারের নাম কী? তিনি কাকে একথা বলেছেন?
- (ঘ) “আজ দেবী একা ছাদের উপর বসিয়া নহে, কাছে আর দুইজন স্ত্রীলোক বসিয়া।” এই দুইজন কে কে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) ‘জাগ্রত দেবতা’ গল্পে লোকমুখে দেবতার মাহাত্ম্যের যে উদাহরণগুলি পাওয়া যায় তা উল্লেখ করো।
- (খ) বিপ্লু কেন নিজের সন্তানকে হত্যা করেছিল, আলোচনা করো।
- (গ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে সাগর চরিত্রটির গুরুত্ব আলোচনা কর।
- (ঘ) “প্রফুল্ল কান্দালের মেয়ে বলিয়া যে হরবল্লভবাবু তাঁহাকে ঘৃণা করিতেন, তাহা নহে। বিবাহের পরে একটা গোল হইয়াছিল।” প্রসঙ্গটি আলোচনা করো।
- (ঙ) “মা, একঘরে হবার ভয়ে কে কবে সন্তান ত্যাগ করেছে? আমি কি তোমার সন্তান নই?” কে, কাকে একথা বলেছিলেন তা প্রাসঙ্গিক পরিস্থিতির বিবরণসহ লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘স্মৃতি’ গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

“বৃক্ষজীবনের সঙ্গে মানবজীবনের সাযুজ্যদানই এই গল্পের মূল বক্তব্য।” ‘নিমগাছ’ গল্প সম্পর্কে সমালোচকের এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো।

- (খ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের ব্রজেশ্বর চরিত্রটি আলোচনা করো।

অথবা

“‘দেবী চৌধুরাণী’ উপন্যাসটি ঘটনাতারাক্রান্ত ও ধর্মভাবপ্রসূ হইলেও একটি বাস্তব জীবন-চিত্র বলিয়াই আমাদিগকে আকর্ষণ করে।” ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের কাহিনী অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো।

- (গ) ‘তাজমহল’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কি না, আলোচনা করো।

অথবা

‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে ফুলমণি ও দুর্লভ চক্রবর্তী চরিত্র দুটির গুরুত্ব আলোচনা করো।
